



বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)

নম্বর-২৮.০২.০০০০.০১১.২৮.০৫৯.২৩.৩৬০

তারিখ: ১১.০৬.২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর ৩য় ও ৪র্থ শ্রেণির ১৬টি শূন্যপদে কর্মচারি নিয়োগের লক্ষ্যে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে গৃহীত লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৭-০৪-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৬.২২-৯৬ নং পরিপত্রের আলোকে প্রস্তুতকৃত অপেক্ষমান তালিকা হতে নিয়োগযোগ্য মোট ০৪ (চার)টি শূন্য পদে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদেরকে মেধাক্রম অনুযায়ী সাময়িকভাবে সুপারিশ করা হলো:

ক্রমিক	পদের নাম	রোল নম্বর
১।	হিসাব সহকারী	৬১০০৯১২=০১ (এক) জন
২।	কম্পিউটার মুদ্রাক্ষরিক	৬৮০০৩৫৭, ৬৮০২৫২৩=০২ (দুই) জন
৩।	স্টেনোগ্রাফার	৬৬০০৭৩৩=০১ (এক) জন

- ০২। সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগপত্র প্রদান করা হবে।
- ০৩। সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে কোন প্রার্থী আবেদনপত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান বা প্রয়োজনীয় তথ্য গোপন বা টেম্পারিং বা কোন জাল সার্টিফিকেট জমা বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে বা কোন গুরুতর অসম্পূর্ণতা ধরা পড়লে সংশ্লিষ্ট প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। কর্পোরেশনের চাকরি প্রবিধানমালা-১৯৮৮ অনুযায়ী মেডিকেল বোর্ড অথবা মেডিকেল কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রার্থীর প্রাক্ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর পেট্রোবাংলা কর্তৃক চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে।
- ০৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে তাদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় পরবর্তীতে নিয়োগপত্র প্রেরণ করা হবে।
- ০৬। কর্তৃপক্ষ এ ফলাফলের যে কোন সংশোধনীর ক্ষমতা সংরক্ষণ করে।

Shahin
১১/৬/২০২৪
(শাহীন আক্তার)

মহাব্যবস্থাপক (সংস্থাপন)

ও

সদস্য-সচিব, জুনিয়র সিলেকশন কমিটি